



শপথ লিখছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরী • প্রথম আলো



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ১৭টি ব্যানারে শপথ লিখলেন শিক্ষক শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক •

উৎসাহ-উদ্দীপনা আর শপথ লেখার মধ্য দিয়ে রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে শপথ সংগ্রহ অভিযান শুরু হয়েছে। গতকাল সোমবার প্রথম আলোর উদ্যোগে এবং বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল অ্যাফেয়ার্স ফোরামের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে কয়েক শ শিক্ষক-শিক্ষার্থী অংশ নেন।

ব্যানারের শপথ লেখার শেষ দিনে মোট ১৭টি ব্যানার শপথে শপথে ভরে ওঠে। বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী লিখেছেন, তাঁরা মা-বাবাকে কষ্ট দেবেন না, কখনো মাদক নেবেন না। জুঁই লিখেছেন, 'মা-বাবার অবাধ্য হব না।'

সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শপথ সংগ্রহ অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জামিলুর রেজা চৌধুরী। তিনি বলেন, ভালো কাজের মাধ্যমে সমাজ ও রাষ্ট্রের পরিবর্তন হবে। এ জন্য প্রথমে নিজের ছোট ছোট খারাপ অভ্যাসগুলো ত্যাগ করা দরকার। তিনি অঙ্গীকার করেন, তথ্যপ্রযুক্তির বিকাশে তাঁর পক্ষে যা কিছু করা সম্ভব, তিনি তা করবেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মঞ্জুর করিম, ফোরামের আহ্বায়ক শাহিদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে ঢাকার বনানীতে অবস্থিত আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি)-এর ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থীরা গত রোববার 'বদলে যাও বদলে দাও' ব্যানারে শপথ লেখেন।